

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৬৮

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৯০. তাইয়াম্মুমের বিবরণ।

بَابِ مَا جَاءَ فِي التَّيَمُّم

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا اسْتَعَارَتْ مِنْ أَسْمَاءَ قِلاَدَةً فَهَلَكَتْ فَأَرْسَلَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - أُناسًا فِي طَلَبِهَا فَأَدْرَكَتْهُمُ الصَّلاَةُ فَصلَقُوا بِغَيْرِ وُضُوءٍ فَلَمَّا أَتَوا النَّبِيَّ - صلى الله عليه وسلم - شكوا ذَلِكَ إِلَيْهِ فَنَزَلَتْ آيَةُ التَّيَمُّمِ فَقَالَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ جَزَاكِ اللَّهُ خَيْرًا فَوَاللَّهِ مَا نَزَلَ بِكِ أَمْرٌ قَطُّ إِلاَّ جَعَلَ اللَّهُ لَكِ مِنْهُ مَخْرَجًا وَجَعَلَ لِلْمُسْلِمِينَ فِيهِ بَرَكَةً .

#### বাংলা

৪/৫৬৮। আয়িশাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি আসমা (রাঃ) এর নিকট থেকে একটি হার ধার নেন এবং সেটি হারিয়ে যায়। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম সেটির খোঁজে লোক পাঠান। ইত্যবসরে তাদের সালাতের ওয়াজ্ত হয়ে গেলে তারা বিনা উযূ (ওজু/অজু/অযু)তে সালাত আদায় করেন। তারা নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম - এর নিকট ফিরে এসে এ ব্যাপারে অভিযোগ করেন। তখন তাইয়াম্মুমের আয়াত নাযিল হল। উসায়দ ইবনু হুয়য়র আয়িশাহ (রাঃ) কে বলেন, আল্লাহ্ আপনাকে উত্তমরূপে পুরস্কৃত করুন। আল্লাহ্র শপথ! যখনই আপনার উপর কোন কঠিন বিপদ এসেছে, তখনই আল্লাহ্ তা থেকে আপনার জন্য নাযাতের পথ বের করে দিয়েছেন এবং তাতে মুসলিমদের জন্য বারাকাত রেখেছেন।

### **English**

It was narrated from 'Aishah that:

She borrowed a necklace from Asma', and she lost it. The Prophet sent some people to look for it, and the time for prayer came so they prayed without ablution. When they came to the Prophet they complained to him about that, then the Verse of dry ablution was revealed. Usaid bin Hudair said: "May Allah reward you with good, for by Allah, nothing ever happens to you but



Allah grants you a way out and blesses the Muslims thereby."

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ৩৩৪, ৩৩৬, ৩৬৭২, ৩৭৭৩, ৪৫৮৩, ৪৬০৭-৮, ৫১৬৪, ৫১৮২; মুসলিম ৩৬১-২, নাসায়ী ৩১০, ৩২৩; আবূ দাউদ ৩১৭, আহমাদ ২৩৭৭৮, ২৪৯২৭, ২৫৮০৯; মুওয়াত্ত্বা মালিক ১২২, দারিমী ৭৪৬।

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ৩৩৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন